গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
নিবন্ধিত বেসরকারি এতিমখানা ও ক্যাপিটেশন গ্রান্ট
শেরে-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৬৮.১৮.০০০৩.২৪.১০ তারিখ: ২ ভাদ্র ১৪৩৩ / ১৭ আগস্ট ২০২৬

বিষয়: ২০২৬-২৭ অর্থবছরের ১ম কিস্তির নিবন্ধিত বেসরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্রান্ট বরাদ্দ ও মঞ্জুরি প্রদানের নিমিত্তে অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা বৃদ্ধি।

সূত্র: সমাজসেবা অধিদপ্তরের স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৮৫.১৬.০০৬২.২৪.৬৬০, তারিখ: ৩০ জুলাই ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬-২৭ অর্থবছরের ১ম কিস্তির (জুলাই ২০২৬ হতে ডিসেম্বর ২০২৬ পর্যন্ত) নিবন্ধিত বেসরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্তির জন্য সমাজসেবা অধিদপ্তর হতে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম (IDSDP) সফটওয়্যারের মাধ্যমে আবেদন পত্র দাখিলের জন্য ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় বিজ্ঞপ্তি আকারে প্রচারণার ব্যবস্থা করা হয়েছিল। সফটওয়্যারের মাধ্যমে "ক্যাপিটেশন গ্রান্ট বরাদ্দ ও বণ্টন নীতিমালা-২০২৪" অনুসরণ করে সূত্রোক্ত স্মারক অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের জন্য ০১ জুলাই ২০২৬ হতে ১৫ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত সময়সীমা নির্ধারিত ছিলো।

২। মাঠপর্যায়ের কর্মকর্তা ও আবেদনকারীদের নিকট থেকে জানা যায় যে, সফটওয়্যার জটিলতা, ইন্টারনেট ও বিদ্যুৎ এর সমস্যার কারণে এখনও অনেকে অনলাইনে আবেদন করতে পারেননি। তৎপরিপ্রেক্ষিতে অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা ৩১ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

৩। পূর্বের অনলাইনে আবেদন গ্রহণে এতদসংক্রান্ত অন্যান্য নির্দেশাবলী/শর্তাবলী বহাল থাকবে। অনলাইন আবেদনের লিংক: https://mswservices.gov.bd

৪। এমতাবস্থায়, তাঁর আওতাধীন সংশ্লিষ্ট অফিসসমূহকে উপরিউক্ত বিষয়ে অবহিতকরণসহ অনলাইনে আবেদন গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৭.৮.২৬

সমীর মল্লিক
পরিচালক (প্রতিষ্ঠান)
ফোন: +৮৮০২ ৫৫০০৭১৩৮
ই-মেইল: dir.inst@dss.gov.bd

**পরিচালক**
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয়অবগতির জন্য);
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। জেলা প্রশাসক (সকল);
৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল);
৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৮। উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয় (সকল);
৯। সমাজসেবা অফিসার, তেজগাঁও সার্কেল কার্যালয়, ঢাকা;
১০। সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয় (সকল);
১১। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (তাঁকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ);
১২। অফিস কপি।